

ASSO
স্বাস্থ্য নিবন্ধন সচিবালয়

তারিখ: ১০ সেপ্টেম্বর ২০২৩ খ্রি.

বরাবর,
উপজেলা সমাজসেবা অফিসার
হোমনা, কুমিল্লা

বিষয়: অব্যাহতি প্রদান সংক্রান্ত


জনাব,

যথাবিহীত সম্মানপ্রদর্শন পূর্বক বিনীত নিবেদন এই যে, সমাজসেবা অধিদফতরের স্মারক নং-৪১.০১.০০০০.০০৯.১২.০০৭.১৭-৯৫৪, তারিখ: ২৮ আগস্ট ২০২৩ খ্রি. স্মারকমূলে আমি নিম্ন স্বাক্ষরকারী ইউনিয়ন সমাজকর্মী পদ হতে পদোন্নতি প্রাপ্ত হয়ে ফিল্ড সুপারভাইজার পদে যোগদানের জন্য অব্যাহতি প্রদানের জন্য বিশেষ অনুরোধ করছি।

উল্লেখ্য যে, আমি নিম্নস্বাক্ষরকারী গত ২৮/০৫/২০০৭ খ্রি. তারিখ হতে অব্যাহতি তারিখ পর্যন্ত উপজেলা সমাজসেবা কার্যালয়, হোমনা, কুমিল্লায় ইউনিয়ন সমাজকর্মী হিসেবে দায়িত্ব পালন করছি। দায়িত্বপালনকালে কোন প্রকার হস্ত মজুত/আর্থিক অসঙ্গতি থাকলে উক্ত অর্থ প্রদানে অঙ্গীকার করছি।

এমতাবস্থায়, উল্লিখিত বিষয় সদয় বিবেচনাপূর্বক ইউনিয়ন সমাজকর্মী হতে পদোন্নতিপ্রাপ্ত ফিল্ড সুপারভাইজার পদে ও পদায়নকৃত কর্মস্থলে যোগদান করার জন্য অব্যাহতি প্রদানে মহোদয়ের সদয় মর্জি কামনা করছি।

নিবেদক


(মো: মোসলেহ উদ্দিন)
ইউনিয়ন সমাজকর্মী
উপজেলা সমাজসেবা কার্যালয়
হোমনা, কুমিল্লা